# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৮৯৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৯১]

৫/ সালামের আদব (كتاب السلام)

পরিচ্ছেদঃ ১৪৩: সাক্ষাৎকালীন আদব - সাক্ষাৎকালে মুসাফাহা করা, হাসিমুখ হওয়া, সৎ ব্যক্তির হাত চুমা, নিজ সন্তানকে স্নেহভরে চুমা দেওয়া, সফর থেকে আগত ব্যক্তির সাথে মু'আনাকা (কোলাকুলি) করা মুস্তাহাব। আর (কারোর সম্মানার্থে) সামনে মাথা নত করা মাকরূহ।

(143) بَابُ اِسْتِحْبَابِ الْمُصَافَحَةِ عِنْدَ اللِّقَاءِ وَبَشَاشَةِ الْوَجْهِ وَتَقْبِيْلِ يَدِ الرَّجُلِ الصَّالِحِ وَتَقْبِيْلِ وَلَدِهِ شَفَقَةً وَمُعَانَقَةِ الْقَادِمِ مِنْ سَفَرٍ وَكَرَاهِيَةِ الْاِنْحِنَاءِ

আরবী

وعن عائشة رضي الله عنها قالت: قَدم: زَيْدُ بُن حَارثة المدينة ورسول الله صلى الله عليه وسلمفي بَيْتي فأتَاهُ فَقَرَعَ الباب. فَقَام إليهْ النبي صلى الله عليه وسلم يَجُرُّ ثوْبَهُ فاعتنقه وقبله » رواه الترمذي وقال: حديث حسن .

বাংলা

৭/৮৯৬। আয়িশাহ রাদিয়াল্লাহু ’আনহু হতে বর্ণিত, যাইদ ইবনু হারিসা রাদিয়াল্লাহু ’আনহু মদ্বীনায় এলেন। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার ঘরে ছিলেন। যাইদ (দেখা করার জন্য) তাঁর কাছে এলেন এবং দরজায় টোকা মারলেন। নিজের কাপড় টানতে টানতে উঠে গিয়ে নবী (সা.) তার সাথে কোলাকুলি করলেন এবং তাকে চুমা দিলেন। (তিরমিযী হাদীসটিকে হাসান বলেছেন)[1]

## English

(143) Chapter: The Excellence of Shaking Hands When Greeting Someone

'Aishah (May Allah be pleased with her) reported:
Zaid bin Harithah came to the Messenger of Allah (ﷺ) when he was in my house. Zaid knocked at the door. The Prophet (ﷺ) rose to receive him, trailing his garment. He embraced and kissed him.

[At- Tirmidhi].

Commentary: Since Muhammad bin Ishaq, known for his delusive tendency,

happens to be a narrator in this Hadith, Sheikh Al-Albani deems it deficient. Indeed, Hadith memorizers and researchers believe that the Ahadith about the kissing of hand are weak and deficient from the viewpoint of authenticity. The two persons should, therefore, confine to handshake when they meet. Though there is no harm if they embrace.

## ফুটনোট

[1] আমি (আলবানী) বলছি : হাদীসটির সনদের মধ্যের বর্ণনাকারী মুহাম্মাদ ইবনু ইসহাক আন্ আন্ করে বর্ণনা করেছেন। আর তিনি হচ্ছেন প্রসিদ্ধ মুদাল্লিস (দোষ গোপন করে) বর্ণনাকারী। উল্লেখ্য শাইখ আলবানী ‘‘দিফা‘ আনিল হাদীসিন নাবাবী অস সীরাহ্’’ গ্রন্থে (নং ১০) বলেছেনঃ এর সনদে ধারাবাহিকভাবে তিনজন দুর্বল বর্ণনাকারী রয়েছেন। এ কারণেই হাফিয যাহাবী বলেছেনঃ হাদীসটি মুনকার। তিরমিযী ২৭৩২।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23927

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন